

বাংলা ট্রিবিউন

বিশ্ববিদ্যালয়ে ব্যবসার চিন্তা ছেড়ে সেবার মনোভাব দরকার: শিক্ষামন্ত্রী

Send

বাংলা ট্রিবিউন রিপোর্ট

প্রকাশিত: ১৭:২৮, জানুয়ারি ২০, ২০১৮ | সর্বশেষ আপডেট: ১৭:৩১, জানুয়ারি ২০, ২০১৮



উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলোকে বিশ্বমানে উন্নীত করতে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর প্রতি আহ্বান জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেছেন, ‘সংশ্লিষ্ট সবাইকে ব্যবসা ও মুনাফার চিন্তা সেবার মনোভাব ও শিক্ষায় অবদান রাখার দৃষ্টিভঙ্গি নিয়ে এগিয়ে আসার আহ্বান জানাচ্ছি।’ শনিবার (২০ জানুয়ারি) রাজধানীর বাড্ডায় ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির সমাবের্তনে তিনি এ আ

অনুষ্ঠানে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের প্রতিনিধি হিসেবে সভাপতির বক্তব্য রাখেন শিক্ষামন্ত্রী। তিনি বলেন, ‘উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলোকে বিশ্বমানে উন্নীত করতে সরকার কাজ করে যাচ্ছে। এর অংশ হিসেবে বেসরকারি বিশ্ববিদ্যালয় স্থাপনের অনুমতি দেওয়া হয়েছে। এসব প্রতিষ্ঠানের গুণগত মান ধরে রাখার জন্য প্রয়োজনীয় সব পদক্ষেপ নেওয়া হচ্ছে। শিক্ষা খাতকে গুরুত্ব দিয়ে তদারকি করছি আমরা

বাংলাদেশে উচ্চশিক্ষার প্রত্যাশিত মান নিশ্চিত করতে মানসম্পন্ন বিশ্ববিদ্যালয় স্থাপনের ওপর গুরুত্বারোপ করেন শিক্ষামন্ত্রী। একইসঙ্গে ‘বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন-২০১০’ অনুযায়ী কার্যক্রম পরিচালনার প্রতি আহ্বান জানান তিনি। এক্ষেত্রে বিষয় নির্বাচন (বাছাই), শিক্ষাক্রম ও শিক্ষাদানের পদ্ধতি উন্নয়ন আর যুগোপযোগী করার পরামর্শ দেন তিনি।

মন্ত্রী আশা প্রকাশ করে বলেন, ‘ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি নিজস্ব স্থায়ী ক্যাম্পাসে শিক্ষা কার্যক্রম পরিচালনার মাধ্যমে একটি অনুকরণীয় বিশ্ববিদ্যালয় হিসেবে প্রতিষ্ঠিত হবে। শিক্ষার পদ্ধতির জন্য বিশ্ববিদ্যালয়টি কার্যকরী সব প্রচেষ্টা চালিয়ে যাবে।’

সমাবের্তন অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান, ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান হাসান মাহমুদ রাজা, উপাচার্য প্রফেসর ড. চৌধুরী মফিজুর রহমান ও বোর্ড অব ট্রাস্টিজের সদস্য ফরিদুর রহমান খান বক্তব্য রাখেন। সমাবের্তন বক্তা ছিলেন বিদ্যুৎ বিভাগের সচিব ড. আহমদ কায়কাউস।



সমাবর্তনে ৯৬২ জন শিক্ষার্থীকে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি দেওয়া হয়। এছাড়া চার জন কৃতি শিক্ষার্থীকে স্বর্ণপদক তুলে দেন শিক্ষামন্ত্রী।

/এসএমএ/জেএইচ/

***বাংলা ট্রিবিউনে প্রকাশিত কোনও সংবাদ, কলাম, তথ্য, ছবি, কপিরাইট আইনে পূর্বানুমতি ছাড়া ব্যবহার দণ্ডনীয় অপরাধ। অনুমতি ছাড়া ব্যবহার করলে কর্তৃপক্ষ আইনি ব্যবস্থা গ্রহণ করবে। (U news, image, information, etc published by Bangla Tribune is punishable by copyright law. Appropriate legal steps will be taken by the management against any j infringes those laws.)